# প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা, ২০১৭
# বিষয়: হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

## সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান— ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক ।]*

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১ × ৫০ = ৫০

১. মনের একাগ্রতা বৃদ্ধি পায়—
(ক) পূজায় (খ) কীর্তনে (গ) ধ্যানে (ঘ) জপে

২. বিভিন্ন বাদ্যযন্ত্র বাজিয়ে সমবেতভাবে আমরা করি ঈশ্বরের—
(ক) ধ্যান (খ) জপ (গ) কীর্তন (ঘ) স্তুতি

৩. অমিত মনের শান্তির জন্য নিয়মিতভাবে করে—
(ক) স্নান (খ) পদ্মাসন (গ) উপাসনা (ঘ) সুখাসন

৪. জীবাত্মা, পরমাত্মা ও নিরাকার ব্রহ্ম সম্পর্কে জানার জন্য আমরা পড়ব—
(ক) রামায়ণ (খ) উপনিষদ (গ) বেদসংহিতা (ঘ) পুরাণ

৫. মানুষে মানুষে পার্থক্য করা উচিত নয়। কারণ সকলেই—
(ক) ঈশ্বরের সৃষ্টি (খ) জগতের কল্যাণ চায়
(গ) সৃষ্টিকর্তার উপাসনা (ঘ) ধর্মের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করে

৬. আমরা যখন পরস্পরের প্রতি শ্রদ্ধাশীল হই, তখন প্রকাশ পায়—
(ক) সহমর্মিতা (খ) সহযোগিতা (গ) উদারতা (ঘ) সম্প্রীতি

৭. আমরা ঈশ্বরের স্তব-স্তুতি করি—
(ক) প্রথা হিসেবে (খ) জীবন রক্ষা করতে
(গ) ভালো ফলের আশায় (ঘ) করুণা লাভের আশায়

৮. সমাজে শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে প্রয়োজন—
(ক) নিজের চিন্তা করা (খ) নিজ ধর্ম পালন করা
(গ) ধর্মীয় সাম্য রক্ষা করা (ঘ) ঈশ্বরে বিশ্বাসী হওয়া

৯. রোহিত পুষ্পাঞ্জলির সময় বিদ্যাদেবীর নিকট প্রার্থনা করে—
(ক) ধন (খ) শক্তি (গ) সুখ (ঘ) জ্ঞান

১০. বৈদিক যুগে স্বর্গলাভের জন্য করা হতো—
(ক) যাগ-যজ্ঞ (খ) মূর্তিপূজা (গ) নাম সংকীর্তন (ঘ) দান-দক্ষিণা

১১. অহিংস ব্যক্তি কখনও যে কাজটি করেন না—
(ক) ক্ষমা (খ) হিংসা (গ) মঙ্গল (ঘ) উপকার

১২. আমরা ব্রহ্মজ্ঞানে সেবা করব—
(ক) শিক্ষাগুরুকে (খ) দীক্ষাগুরুকে (গ) পিতামাতাকে (ঘ) সকল জীবকে

১৩. স্বামীজী মার্গারেটের নাম ছিল 'নিবেদিতা' কারণ তিনি ছিলেন—
(ক) আদর্শে অটল (খ) গুরুর অনুগত (গ) কাজে নিবেদিত (ঘ) দুস্থদের সেবক

https://teachingbd24.com

১৪. জীবনে মোক্ষলাভ হয়—
(ক) নিত্যকর্মের ফলে (খ) সকাম কর্মের ফলে
(গ) প্রাতঃকর্মের ফলে (ঘ) নিষ্কাম কর্মের ফলে

১৫. ঈশ্বরের নিকট প্রার্থনার সময় তুমি নিজের মনকে প্রস্তুত কর—
(ক) সুখী ভাবে (খ) শান্ত ভাবে (গ) দীনতার ভাবে (ঘ) দুঃখী ভাবে

১৬. দেহ ও মন ভালো রাখার উপায় হলো—
(ক) বিশ্রাম (খ) শরীরচর্চা (গ) নিয়মানুবর্তিতা (ঘ) পরিমত আহার

১৭. নিত্যকর্ম বলতে বোঝায়—
(ক) দৈনন্দিন কর্ম (খ) সাপ্তাহিক কর্ম (গ) পাক্ষিক কর্ম (ঘ) মাসিক কর্ম

১৮. ঈশ্বরের নিকট তুমি নিয়মিত প্রার্থনা কর, কারণ প্রার্থনা—
(ক) শান্তি দেয় (খ) উপাসনার অঙ্গ (গ) ধৈর্য বৃদ্ধি করে (ঘ) বিপদ থেকে রক্ষা করে

১৯. জন্মান্তর হলো, আত্মার—
(ক) মুক্তি লাভ (খ) স্বার্থ লাভ (গ) জন্ম লাভ (ঘ) পুনঃপুন জন্ম লাভ

২০. নিষ্কাম কর্মের দ্বারা—
(ক) কল্যাণ হয় (খ) পুণ্য হয় (গ) স্বর্গলাভ হয় (ঘ) মুক্তি লাভ হয়

২১. স্বামী বিবেকানন্দের শিকাগো বক্তৃতায় প্রাধান্য পায়—
(ক) সব ধর্মমতকে শ্রদ্ধা (খ) ইংরেজি বলা
(গ) হিন্দুধর্মের বিশালতা (ঘ) হিন্দুধর্মের শ্রেষ্ঠত্ব

২২. পাণ্ডবেরা রাজত্ব ছেড়ে ব্রাহ্মণের বাড়িতে শরণার্থী হয়েছিল—
(ক) মায়ের আদেশ পালন করতে (খ) রাজকার্য থেকে মুক্ত হতে
(গ) যুদ্ধের জন্য প্রস্তুতি নিতে (ঘ) কৌরবদের শর্ত পালনে

২৩. দেশপ্রেম গুরুত্বপূর্ণ। কেননা দেশপ্রেম মানুষকে—
(ক) মহিমান্বিত করে (খ) অহংকারী করে (গ) স্বার্থপর করে (ঘ) মেজাজি করে

২৪. পরস্পর একসাথে থাকার মূলে হলো—
(ক) শ্রদ্ধাবোধ (খ) ভালোবাসা (গ) সম্প্রীতি (ঘ) শিষ্টাচার

২৫. একজন বৃদ্ধলোক রাস্তা পার হতে পারছে না; এ পরিস্থিতিতে তুমি কর—
(ক) একাকী আসতে বারণ করি (খ) রাস্তা পার হতে সাহায্য করি
(গ) সাবধানে রাস্তা পার হতে বলি (ঘ) দ্রুত স্থান ত্যাগ করি

২৬. তোমার শ্রেণির পিছিয়ে পড়া সহপাঠীকে পাঠে অগ্রসর করানোর জন্য তুমি কর—
(ক) শিক্ষকের সহায়তা নিতে বলি (খ) পড়ায় সাহায্য করি
(গ) নিয়মিত স্কুলে আসতে বলি (ঘ) অভিভাবকে জানাই

২৭. বিদ্যালয়ে কোন কাজের মাধ্যমে তুমি দেশপ্রেম প্রকাশ কর?
(ক) খেলাধুলা (খ) শরীরচর্চা (গ) শ্রেণিকক্ষের কাজ (ঘ) জাতীয় সংগীত গাওয়া

২৮. ভবিষ্যতে দেশ সেবার লক্ষ্যে এখন তুমি বিদ্যালয়ে অনুশীলন কর—
(ক) দৈনিক সমাবেশ (খ) ধর্মীয় অনুষ্ঠান
(গ) ক্রীড়া প্রতিযোগিতা (ঘ) বিতর্ক প্রতিযোগিতা

২৯. সকলের ভালোবাসা অর্জনের জন্য তুমি কর—
(ক) সত্য কথা বলি (খ) ধর্ম পালন করি
(গ) পড়াশোনা করি (ঘ) শিষ্টাচার মেনে চলি

৩০. সমবয়সিদের প্রতি তুমি প্রদর্শন কর—
(ক) শ্রদ্ধা (খ) স্নেহ (গ) করুণা (ঘ) সৌজন্য

Teachingbd24.com

৩১. শ্রেণিকক্ষে সকলের সাথে ভালো সম্পর্ক গড়ে তুলতে তুমি কর–
(ক) শ্রদ্ধা করি (খ) ভালোবাসি (গ) আপন করে ভাবি (ঘ) সমানভাবে দেখি
৩২. সন্ধ্যাবেলায় গৃহের মঙ্গলের জন্য তুমি কর ঈশ্বরের–
(ক) স্তব (খ) স্তুতি (গ) ধ্যান (ঘ) উপাসনা
৩৩. সৎপথে জীবন পরিচালিত করার জন্য তুমি কর–
(ক) ধর্ম পালন (খ) জ্ঞান অর্জন (গ) বিজ্ঞান চর্চা (ঘ) সম্পদ আহরণ
৩৪. তুমি পরীক্ষায় ভালো ফল করতে চাও। এমতাবস্থায় তুমি কর–
(ক) নিয়মিত ধ্যান (খ) আসন অনুশীলন
(গ) যোগব্যায়াম চর্চা (ঘ) নিয়মানুবর্তিতার অভ্যাস
৩৫. ছুটির একদিনে পথে হঠাৎ একজন শিক্ষকের সঙ্গে দেখা হলো। সে সময় তুমি কর–
(ক) লজ্জা পাই (খ) বিস্মিত হই (গ) সম্মান জানাই (ঘ) ভয় পেয়ে যাই
৩৬. দেশপ্রেমিক হওয়ার জন্য নিচের কোন কাজটি তুমি কর?
(ক) দেশকে ভালোবাসি (খ) দেশের বই পড়ি
(গ) নিয়মিত পড়াশোনা করি (ঘ) শিক্ষকের কথা শুনি
৩৭. তোমার মা বাড়িতে গৃহপালিত পশুপাখি পালন করেন। দুইদিনের জন্য তিনি বেড়াতে যাবেন। তখন তুমি পশুপাখিদের–
(ক) পরিচর্যা কর (খ) বাবাকে দেখতে বলো
(গ) পশুপাখি বিক্রি কর (ঘ) ছোট বোনকে দেখতে বলো
৩৮. নিজেকে একজন ভালো মানুষ হিসেবে পরিচিত করে তুলতে তুমি কর–
(ক) বড়দের শ্রদ্ধা (খ) শিশুদের স্নেহ
(গ) শিক্ষকদের সম্মান (ঘ) সকলের সাথে ভালো ব্যবহার
৩৯. ইন্দ্রিয় নিয়ন্ত্রণে তুমি কর–
(ক) কম খাই (খ) লোভ সম্বরণ করি
(গ) অপরেরটা খাই না (ঘ) নিয়মিত যোগব্যায়াম করি
৪০. বন্ধুরা মিলে সরবে ঈশ্বরের গুণগান করতে চাও। এজন্য তোমরা কর–
(ক) জপ (খ) ধ্যান (গ) পূজা (ঘ) কীর্তন
৪১. জীবের মধ্যে ঈশ্বর কীরূপে অবস্থান করেন?
(ক) দেবতারূপে (খ) ভ্রমররূপে (গ) মনরূপে (ঘ) আত্মারূপে
৪২. 'সর্বং খল্বিদং ব্রহ্ম'– কথাটি কোন গ্রন্থে বলা হয়েছে?
(ক) উপনিষদে (খ) রামায়ণে (গ) মহাভারতে (ঘ) ভাগবতে
৪৩. উপাসনা একটি–
(ক) সাপ্তাহিক (খ) পাক্ষিক কর্ম (গ) মাসিক কর্ম (ঘ) নিত্যকর্ম
৪৪. রাত্রিকৃত্যে কী বলে ঘুমাতে যেতে হয়?
(ক) জগদীশ্বর (খ) নারায়ণ (গ) বিষ্ণু (ঘ) পদ্মনাভ
৪৫. ব্রহ্মা, বিষ্ণু ও শিবের মাহাত্ম্য কোথায় প্রাধান্য পেয়েছে?
(ক) বেদে (খ) রামায়ণে (গ) পুরাণে (ঘ) মহাভারতে
৪৬. ভগিনী নিবেদিতার জন্মস্থান কোথায়?
(ক) স্কটল্যান্ডে (খ) আয়ারল্যান্ডে (গ) লন্ডনে (ঘ) সুইজারল্যান্ডে

https://teachingbd24.com

৪৭. আমাদের চরিত্রকে উন্নত করে–

(ক) ধন-দৌলত (খ) জমি-জমা (গ) শিষ্টাচার (ঘ) বংশগৌরব

৪৮. বশিষ্ঠ কোন শ্রেণির ঋষি ছিলেন?

(ক) রাজর্ষি (খ) শ্রুতর্ষি (গ) ব্রহ্মর্ষি (ঘ) মহর্ষি

৪৯. আসন মনকে–

(ক) প্রশান্ত করে (খ) চঞ্চল করে (গ) উত্তেজিত করে (ঘ) ক্লান্ত করে

৫০. মহালয়ার তিথিটি হচ্ছে–

(ক) একাদশী তিথি (খ) দ্বাদশী তিথি (গ) চতুর্দশী তিথি (ঘ) অমাবস্যা তিথি

২। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ : ১ × ১৫ = ১৫

(ক) নিরাকার ঈশ্বরকে কী বলা হয়?

(খ) প্রার্থনা বলতে কী বোঝ?

(গ) নিয়মিত আসন অনুশীলন কর কেন?

(ঘ) মনকে প্রশান্ত করতে কী করা উচিত?

(ঙ) পূজা-পার্বণে আল্পনা দেখে আমরা খুশি হই কেন?

(চ) তুমি কেন নিয়মানুবর্তী হবে?

(ছ) কীর্তনে তুমি কী কর?

(জ) 'নৃসিংহ' বলতে কী বোঝ?

(ঝ) বশিষ্ঠ কে ছিলেন?

(ঞ) স্বামী বিবেকানন্দ কীভাবে শিকাগোর লোকদের মুগ্ধ করলেন?

(ট) ব্রহ্মা কীসের দেবতা?

(ঠ) উপাসনার দুটি আসনের নাম লেখ।

(ড) মোক্ষ কাকে বলে?

(ঢ) গীতা কী?

(ণ) দেশপ্রেম বলতে কী বোঝায়?

৩। (ক) থেকে (জ) পর্যন্ত যেকোনো ছয়টি এবং (ঝ) ও (ঞ) থেকে যেকোনো একটিসহ মোট সাতটি প্রশ্নের উত্তর লেখ : ৫ × ৭ = ৩৫

(ক) নিত্যকর্ম কী? আমরা কেন নিত্যকর্ম করব? নিত্যকর্ম অনুশীলনে আমরা সুফল পাই তিনটি বাক্যে উল্লেখ কর। ১+১+৩ = ৫

(খ) কে স্বর্গলাভ করবে? স্বর্গলাভের জন্য আমাদের করণীয় সম্পর্কে চারটি বাক্য লেখ। ১+৪ = ৫

(গ) সাকার উপাসনা কী? সাকার উপাসনার চারটি বৈশিষ্ট্য উল্লেখ কর। ১+৪ = ৫

(ঘ) "সৃষ্টিতেই স্রষ্টার আনন্দ" কেন? পাঁচটি কারণ উল্লেখ কর। ৫

(ঙ) হিন্দুধর্মকে সনাতন ধর্ম বলা হয় কেন? এ সম্পর্কে পাঁচটি বাক্য লেখ। ৫

(চ) শিষ্টাচার বলতে কী বোঝ? শিক্ষকের প্রতি কীভাবে শিষ্টাচার প্রদর্শন করবে এ সম্পর্কে চারটি বাক্য লেখ। ১+৪ = ৫

(ছ) ঐতিহ্য বলতে কী বোঝ? কান্তজীর মন্দির পরিদর্শন করে তুমি যা শিখেছ সে সম্পর্কে চারটি বাক্য লেখ। ১+৪ = ৫

(জ) দেশপ্রেম বলতে কী বোঝ? মাতৃভূমির প্রতি তুমি কীভাবে ভালোবাসা প্রদর্শন কর তা চারটি বাক্যে লেখ। ১+৪ = ৫

(ঝ) শ্রীমদ্‌ভগবদ্‌গীতা সম্পর্কে পাঁচটি বাক্য লেখ। ৫

(ঞ) মহালয়া সম্পর্কে পাঁচটি বাক্য লেখ। ৫

teachingbd24.com